কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.ais.gov.bd

কৃষি তথ্য সার্ভিস এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

স্থান : পরিচালকের রুম, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
তারিখ : ০১ সেপ্টেম্বর ২০১৯। সময় : বিকাল ৪.০০টা

উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

কৃষি তথ্য সার্ভিসের বিভিন্ন বিষয়াদি নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। কৃষি তথ্য সার্ভিস এর পরিচালক কৃষিবিদ ড. মোঃ নুরুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় কৃষি তথ্য সার্ভিসের কর্মকর্তা ও শাখা প্রধানগণ (উপস্থিতির তালিকা পরিশিষ্ট-'ক') উপস্থিত ছিলেন।

নির্ধারিত সময়ে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ক. বিশ্ব খাদ্য দিবস ২০১৯ ও খাদ্য মেলা			
০১.	সার্বিক কার্যক্রম	বিশ্ব খাদ্য দিবস ২০১৮ এর আলোকে এ বছরও অনুরূপ কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান তথ্য অফিসার
উপরোক্ত কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি নিম্নলিখিত অতিরিক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্যও সিদ্ধান্ত গৃহীত হয় :			
০২.	পোস্টার	২০,০০০ পোস্টার ছাপানো ও ডিএই'র মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিতরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রেস ম্যানেজার, প্রশিক্ষণ ও প্রয়োগ অফিসার
০৩.	সরকারি দপ্তর/সংস্থার বাসের ব্যানার	কৃষি মন্ত্রণালয়াধীন সকল সংস্থার স্টাফ বাসের সংখ্যা নির্ধারণপূর্বক গাড়িসমূহে বিশ্ব খাদ্য দিবস ২০১৯ এর ব্যানার সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিসিআইও, প্রদর্শণী বিশেষজ্ঞ
০৪.	টকশো	বিশ্ব খাদ্য দিবস ২০১৯ ও খাদ্য মেলার ওপরে মাননীয় কৃষিমন্ত্রী, কৃষি সচিব ও এফএও'র প্রতিনিধির সমন্বয়ে কৃষি তথ্য সার্ভিস (কৃতসা) এর স্টুডিওতে একটি টকশো আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিডি(এমসি), এফবিও, সাউন্ড স্টুডিও অফিসার
০৫.	সাংবাদিক সম্মেলন	বিশ্ব খাদ্য দিবস উপলক্ষ্যে গণমাধ্যমের সাংবাদিকদের সাথে খাদ্য মেলা শুরুর ২-৩ দিন পূর্বে সাংবাদিক সম্মেলনের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিডি(এমসি), এফবিও
০৬.	বুক ফোল্ডার	১৫০০টি বুক ফোল্ডার মুদ্রণের সিদ্ধান্ত গৃহীত হয়। ফোল্ডারের অভ্যন্তরে বিশ্ব খাদ্য দিবস ২০১৯ এর পোস্টার ব্যতিত নোট প্যাড, কলম, কৃষিকথার বিশেষ সংখ্যা, সেমিনারের মূল প্রবন্ধের হার্ডকপি উপকরণ হিসেবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিডি(এমসি), প্রশিক্ষণ ও প্রয়োগ অফিসার
০৭.	কৃষি তথ্য সার্ভিসের স্টল	অনুষ্ঠেয় খাদ্য মেলায় কৃতসার স্টলে নিরাপদ খাদ্য বিষয়ক বই, প্রকাশনা সামগ্রী, তথ্য সংগ্রহপূর্বক প্রতিদিন প্রদর্শনের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিডিএমসি, আইও(পিপি)
০৮.	র‍্যালিতে ব্যবহারের জন্য ছাতা	র‍্যালিতে ব্যবহারের জন্য রেইনবো কালারের ছাতা বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান তথ্য অফিসার, প্রেস ম্যানেজার
০৯.	ক্ষুদে বার্তা	নির্ধারিত থিমের ওপর উপযুক্ত ক্যারেক্টার সম্বলিত ক্ষুদে বার্তার খসড়া তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	এআইও(সিপি)
খ. দাপ্তরিক ইস্যুসমূহ			
০১.	ই-ফাইল ব্যবহার বৃদ্ধি করা	পরিচালক, কৃষি তথ্য সার্ভিস মহোদয় দাপ্তরিক কাজ-কর্মে ই-ফাইলের ব্যবহার বাড়িয়ে ছোট ক্যাটাগরির দপ্তর/সংস্থার মধ্যে ১-১০ম স্থানের মধ্যে অবস্থান নিশ্চিত করার বিষয়ে জোর তাগিদ প্রদান করেন।	এআইও(সিপি), অনুবাদক, জনাব সঞ্জিত কুমার ভৌমিক
০২.	অডিট আপত্তির জবাব প্রদান	দাপ্তরিক অডিট আপত্তির জবাব দ্রুততম সময়ে প্রেরণ এবং উপযোজনের চিঠি অতিরিক্ত সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয় বরাবর পাঠানোর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	ডিসিআইও, হিসাবরক্ষণ অফিসার, জনাব আব্দুল কাইয়ুম
০৩.	চলমান প্রকল্পের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রেরণ	কৃষি তথ্য সার্ভিসের "কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প" এর স্বাক্ষরিত এপিএ কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	এআইও(সিপি), ডিপিডি
০৪.	কৃতসা'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী	প্রতিমাসে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী যথাসময়ে প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	এআইও(সিপি), ডিসিআইও

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০৫.	শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা বোর্ড স্থাপন	দ্রুততম সময়ে কৃতসা'র সদর দপ্তরের উপযুক্ত স্থানে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা সম্বলিত অনার বোর্ড স্থাপনের জন্য স্থান নির্বাচন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান তথ্য অফিসার, আইও(এজি)
০৬.	সাংবাদিকদের সাথে মাসিক ব্রিফিং সভা	১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে গণমাধ্যমের সাংবাদিকদের সাথে মাসিক ব্রিফিং সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিডি(এমসি), এফবিও
০৭.	ডিপিপি তৈরি	কৃতসা'র প্রস্তাবিত দুইটি ডিপিপি ১৫ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে চূড়ান্তভাবে সম্পন্ন করে জমা প্রদানের উপযোগী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	এফবিও, আইও(এজি)
০৮.	কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্র ব্যবস্থাপনা	অত্র দপ্তরে কর্মরত টিপি অনামিকা মজুমদার ও সাউন্ড রেকর্ডিস্ট আব্দুল্লাহ আল মুহিত কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্রে সকাল ৯ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত দায়িত্ব পালন করবেন। তথ্য সেবা প্রদান/গ্রহণ সংক্রান্ত তথ্য নির্ধারিত রেজিস্টারে লিপিবদ্ধ করবেন। এছাড়াও জনাব আব্দুল্লাহ আল মুহিত এ দপ্তরের কিয়স্কসমূহ যথাযথভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং বিভিন্ন অনুষ্ঠানের পত্র বিলি করার দায়িত্ব পালন করবেন।	প্রধান তথ্য অফিসার, অনামিকা মজুমদার, জনাব আব্দুল্লাহ আল মুহিত
০৯.	AisTube এর ব্যবহার ও জনপ্রিয়করণ	কৃতসা'র সদ্য উদ্বোধনকৃত ডিজিটাল উদ্যোগ AisTube কে পূর্ণাঙ্গরূপে কৃষিজীবীদের ব্যবহারের উপযোগী করার জন্য কৃতসার সকল ভিডিও ডকুমেন্টারি যথা দ্রুত সম্ভব আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ব্যবস্থাপনা
১০.	কৃতসা'র ম্যানেজমেন্ট কমিটি	বর্তমান ম্যানেজমেন্ট কমিটিতে নতুন সদস্য হিসেবে অত্র দপ্তরের আইসিটি ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অর্ন্তভুক্তির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ম্যানেজমেন্ট কমিটি
১১.	কৃতসা'র ডিজিটাল কনফারেন্স রুম ও আইসিটি রুম এর নতুন ভাড়া নির্ধারণ	বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা কর্তৃক কৃতসা'র আইসিটি রুম ব্যবহারের জন্য এবং ডিজিটাল কনফারেন্স রুম ব্যবহারের বর্তমান নির্ধারিত ভাড়া সংশোধনপূর্বক নতুনভাবে ধার্যকৃত ভাড়ার প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান তথ্য অফিসার, ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ব্যবস্থাপনা
১২.	কৃতসা, সদর দপ্তরের কর্মকর্তাদের অঞ্চল পর্যায়ের কার্যক্রম পরিদর্শন	কৃতসা, সদর দপ্তরের কর্মকর্তাদের মাঠ পরিদর্শনে অপ্রতুলতার বিষয়ে পরিচালক অসন্তোষ প্রকাশ করেন। সে প্রেক্ষিতে সদর দপ্তরের কর্মকর্তাদের প্রতি মাসের ৫ তারিখের মধ্যে অগ্রিম ভ্রমণসূচি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপূর্বক সে অনুযায়ী অঞ্চলের কার্যক্রম নিয়মিত পরিদর্শনের জন্য মাঠ ভ্রমণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান তথ্য অফিসার, সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
১৩.	কৃতসা'র রেকর্ডিং স্টুডিওতে ভিডিও ক্যামেরা স্থাপন	কৃতসা'র চলমান প্রকল্প কর্তৃক সরবরাহকৃত ভিডিও ক্যামেরার মধ্য হতে ৩টি স্টোর হতে গ্রহণপূর্বক রেকর্ডিং স্টুডিওতে স্থায়ীভাবে ব্যবহার ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিডি(এমসি), সাউন্ড স্টুডিও অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

০৪/০৯/১৯

(ড. মো. নুরুল ইসলাম)
পরিচালক
কৃষি তথ্য সার্ভিস
ফোন: ৯১১২২৬০
ই-মেইল: driais@ais.gov.bd

স্মারক: ২৫৪৯
তারিখ: ০৪/০৯/২০১৯

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) : (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
২. উপরিচালক (গণযোগাযোগ), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৩. তথ্য অফিসার (উদ্ভিদ সংরক্ষণ), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৪. উপপ্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৫. বেতার কৃষি অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৬. তথ্য অফিসার (কৃষি), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৭. সহকারী তথ্য অফিসার (শস্য উৎপাদন), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৮. সম্পাদক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৯. প্রেস ম্যানেজার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
১০. ফিল্ম প্রোডাকশন অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
১১. প্রশিক্ষণ ও প্রয়োগ অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
১২. জনাব বাদল চন্দ্র সরকার, টেকনিক্যাল পার্টিসিপেন্ট, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
১৩. প্রশাসনিক অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
১৪. মেইনটেন্যান্স অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
১৫. জনাব ....।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ উইং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা